দৈনিক সংবাদ

২৬/৭/২০০০

তারিখ ... পৃষ্ঠা ১২ ... কলাম ... ৭ ......

হবে।

# ঢা. বি ক্যাম্পাসে মিছিল সমাবেশ উপাচার্যের পদত্যাগ দাবি করেছে ছাত্রদল

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কঠোর পুলিশ প্রহরায় ছাত্রদল ও ছাত্রলীগ পরস্পরবিরোধী মিছিল ও সমাবেশ করেছে। সমাবেশে উভয় সংগঠনের নেতারাই হল দখলের ব্যাপারে একে অপরকে হুমকি দিয়েছে। ছাত্রদল উপাচার্যের পদত্যাগের দাবিতে আগামী সপ্তাহ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট পালনের ডাক দিয়েছে। বিতাড়িত ছাত্রদল নেতাকর্মীদেরকে হলে উঠানো এবং উপাচার্য অধ্যাপক এ. কে আজাদ চৌধুরীর অপসারণের দাবিতে ছাত্রদল দুপুরে মধুর ক্যান্টিন থেকে একটি মিছিল বের করে ক্যাম্পাস প্রদক্ষিণশেষে বটতলায় সমাবেশ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার ছাত্রদল সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু, মঞ্জুর এলাহী, রেহানা আক্তার রানু, এবিএম মোশাররফ হোসেন, নুরুল ইসলাম নয়ন, হায়দার আলী লেনিন, হারুন উর রশীদ প্রমুখ।

সমাবেশে লাল্টু বলেন, দালাল ভিসির ছত্রছায়ায় ছাত্রলীগের মস্তানরা হলগুলোকে সন্ত্রাসের দুর্গ বানিয়েছে। ছাত্রদলের নেতাকর্মীদের বের করে দিয়ে তারা হলে এককভাবে অবস্থান করছে। এখন সময় এসেছে। তাই ছাত্রদলের নেতাকর্মীরা বৈধভাবে হলে উঠবে। কেউ যদি এতে বাধা দেয় তবে অঘটন ঘটতে পারে। তিনি বলেন, ভিসি পদত্যাগ না করলে আমরা আগামী সপ্তাহ থেকে ধর্মঘট ডাকব।

ছাত্রদলের মিছিল বের হওয়ার কিছুক্ষণ পরেই ছাত্রলীগ মধুর ক্যান্টিন থেকে একটি মিছিল বের করে ক্যাম্পাস প্রদক্ষিণ করে ডাকসু ভবনের সামনে সমাবেশ করেছে। ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক অজয় কর খোকন, বলরাম পোদ্দার, কাজী এবাদত হোসেন, আবদুল মতিন, আনিসুর রহমান, লিয়াকত শিকদার, সাইফুদ্দিন নাসির, আবদুল ওদুদ খোকন, বেগ শাহিন জাহান, এ কে এম আজিম প্রমুখ।

সমাবেশে বাহাদুর বেপারী বলেন, ছাত্রদলকে প্রতিহত করতে আমরা প্রস্তুত। তাছাড়া অছাত্র, বহিরাগতদের দিয়ে আর যাই হোক হলে ওঠা যায় না। সাধারণ ছাত্রছাত্রীরাই তাদেরকে হলে উঠতে দেবে না।

অজয় কর খোকন ছাত্রদলের ক্যাডারদেরকে প্রতিহত করার জন্য ছাত্রলীগের সকল নেতাকর্মীর প্রতি আহ্বান জানিয়েছেন।

এদিকে ক্যাম্পাসে আগে থেকেই নিরাপত্তা ব্যবস্থা জোরদার থাকায় কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।